



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.৯১২.১৬-৬৫২১

তারিখঃ ০৩/০৩/২০১৬ খ্রিঃ


বিষয়ঃ মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণে ১ম ব্যাচে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী প্রশিক্ষণার্থী মনোনয়নপূর্বক প্রশিক্ষণে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পভুক্ত সুফলভোগীদের আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে প্রশিক্ষণ অব্যাহত রয়েছে। গোপালগঞ্জ জেলার কোটালীপাড়াহু বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড) এ আগামী ১৩/০৩/২০১৬ খ্রিঃ হতে ৩০ দিন ব্যাপী মোবাইল সার্ভিসিং ট্রেডে একটি ব্যাচে ৪০ জন সুফলভোগীর প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী নির্বাচন করতে স্মারক নং- ৪৭. ৬২. ০০০০. ৯৬১. ০০.৪০৪.১৩-৩৪৪৭, তারিখঃ ২৬/০১/২০১৬ খ্রিঃ মূলে জারীকৃত পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে। ইতোপূর্বে প্রকল্প সদর দপ্তরে প্রেরিত তালিকা হতে অথবা নতুন করে সদস্য নির্বাচন পূর্বক প্রশিক্ষণার্থী প্রেরণ করা যাবে; তবে শর্ত থাকে যে, মোবাইল সার্ভিসিং ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত প্রত্যেক সদস্য এর মাধ্যমে অবশ্যই মোবাইল সার্ভিসিং সেন্টার স্থাপন নিশ্চিত করতে হবে। সংযুক্ত তালিকায় উপজেলার পার্শ্ব বর্ণিত নির্দিষ্ট সংখ্যক সুফলভোগী সংশ্লিষ্ট মহিলা সমিতি’র সিদ্ধান্তের আলোকে মনোনয়ন চূড়ান্ত করতে নির্দেশনা প্রদান করা হলো। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে। মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণে অংশগ্রহণের ছাড়পত্রের অনুলিপি প্রশিক্ষণ শুরুর ন্যূনতম ০৩ দিন পূর্বে প্রকল্প সদর দপ্তরকে অবহিত করতে বলা হলো।

২। আগামী ১২/০৩/২০১৬ খ্রিঃ শনিবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে গোপালগঞ্জের কোটালীপাড়াহু বাপার্ডে নির্বাচিত সুফলভোগী সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

৩। প্রশিক্ষণার্থীদের সম্মানী ও যাতায়াত ভাতা প্রকল্প থেকে নির্বাহ করা হবে-যা বাপার্ড কর্তৃপক্ষের মাধ্যমে তাদেরকে প্রদান করা হবে।

সংযুক্তিঃ উপজেলাওয়ারী সুফলভোগীর সংখ্যা।


প্রকৌশলী মোস্তাফিজুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
.....উপজেলা।

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৯৬১.০০.৯১২.১৬-৬৫২১

তারিখঃ ০৩/০৩/২০১৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপোউপজেলা,.....জেলা।
- ২। প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
- ৪। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৫। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৬। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৭। অফিস কপি নথি/সংশ্লিষ্ট নথি।


মোঃ শাহজাহান
উপ-প্রকল্প পরিচালক (প্রশাঃ ও প্রশিঃ)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।





বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax:8189029

মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণে উপজেলাওয়ারী সুফলভোগী প্রশিক্ষণার্থীর সংখ্যা
তারিখঃ ১৩/০৩/২০১৫ হইতে ১২/০৪/২০১৫ খ্রিঃ।

০১ম ব্যাচ

জেলার নাম	উপজেলার নাম	সুফলভোগী প্রশিক্ষণার্থীর সংখ্যা
যশোর	যশোর সদর	২ জন
	কেশবপুর	২ জন
	ঝিকরগাছা	৩ জন
	শার্শা	২ জন
বিনাইদহ	বিনাইদহ সদর	২ জন
	মহেশপুর	২ জন
	কালীগঞ্জ	২ জন
পিরোজপুর	নাজিরপুর	২ জন
সাতক্ষীরা	সাতক্ষীরা সদর	২ জন
ঝালকাঠি	ঝালকাঠি সদর	২ জন
নড়াইল	লোহাগড়া	২ জন
	কালিয়া	২ জন
মেহেরপুর	মেহেরপুর সদর	২ জন
	গাংনী	২ জন
বরিশাল	বাবুগঞ্জ	২ জন
	মুলাদী	১ জন
পটুয়াখালী	বাউফল	২ জন
বাগেরহাট	বাগেরহাট সদর	১ জন
	ফকিরহাট	১ জন
মাগুড়া	মাগুড়া সদর	২ জন
চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর	২ জন
সর্বমোট =		৪০ জন


০৭/০৩/১৫
মোঃ হাবিবুর রহমান হাবিব
সহকারী পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।


প্রকৌশলী মোঃ কাশেমুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা